

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং ১৪৬	তারিখঃ- ১৫/৩/২০২৩	প্রকল্প নং- ১৪৬	
সং: নং:	সি: নং:	ই: বি: নং:	নি: নং:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১৩৭.২২.১৯৫

তারিখ: ৭ চৈত্র ১৪২৯

২১ মার্চ ২০২৩

বিষয়: ৫ টি বেসিক সেন্টারে ৫ টি প্রশিক্ষণ কেন্দ্র, ১ টি ফ্যাশন ডিজাইন ইন্সটিটিউট এবং ২ টি মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কেন্দ্র, টাঙ্গাইল কেন্দ্রের কাজ বাস্তবায়নের জন্য চেকের মাধ্যমে ৬১.০০ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালক, ৫ টি বেসিক সেন্টারে ৫ টি প্রশিক্ষণ কেন্দ্র, ১ টি ফ্যাশন ডিজাইন ইন্সটিটিউট এবং ২ টি মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, বিটিএমসি ভবন, কাওরান বাজার, ঢাকার স্মারক নং-২৪.০৫.০০০০.৫৪১.১৪.০২০.১৯-৫২৫/২ তারিখঃ-৩১/০১/২০২৩খ্রিঃ এর প্রেক্ষিতে।

উপরোক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্প পরিচালক, ৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ডিজাইন ইন্সটিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, বিটিএমসি ভবন, কাওরান বাজার, ঢাকা কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্তকৃত ৬১.০০ লক্ষ (একষট্টি লক্ষ) টাকার চেক যার নং-stb 2297038 তারিখঃ-৩১/০১/২০২৩ খ্রীঃ, রূপালি ব্যাংক লিমিটেড, টিসিবি ভবন ব্রাঞ্চ, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের এনডোর্স পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে।

- (১) প্রত্যাহী সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- (২) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাহী সংস্থার নিকট হতে প্রত্যয়ন প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- (৩) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরে ও প্রত্যাহী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- (৪) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।

সংযুক্তি- বর্ণনামতে ৬১.০০ লক্ষ টাকার চেক।

১৫/৩/২০২৩

২১-৩-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩০৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

টাঙ্গাইল গণপূর্ত বিভাগ, টাঙ্গাইল